তারিখ ...... 12 JUN 2017
পৃষ্ঠা ..8.... কলাম ...3...

সংবাদ

# জাবিতে উদ্ভূত ঘটনার তদন্ত কমিটিকে প্রত্যাখ্যান

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) উদ্ভূত ঘটনার প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটিকে পক্ষপাতদুষ্ট উল্লেখ্য করে প্রত্যাখ্যান করেছে বিশ্ববিদ্যালয় শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চ। গতকাল দুপুর ১টায় বিশ্ববিদ্যালয় কলা ও মানবিকী অনুষদের শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যের মাধ্যমে এ তথ্য জানান দর্শন বিভাগের সহযোগী অধ্যাপক রায়হান রাইন। তিনি বলেন, অধ্যাপক অসিত বরণ পালকে প্রধান করে ৬ সদস্য বিশিষ্ট যে তদন্ত কমিটি গঠন করা হয়েছে তাদের সকলেই প্রশাসনপন্থি শিক্ষক। এদের মধ্যে একাধিক ব্যক্তি সিন্ডিকেট সদস্য। যে সিন্ডিকেটের সিদ্ধান্তেই শিক্ষার্থীদের গ্রেফতার ও মামলার সিদ্ধান্ত নিয়েছিল। সে কমিটির কাছ থেকে ন্যায়বিচার আশা করা যায় না। তাই এ কমিটিকে আমরা প্রত্যাখ্যান করছি।

এদিকে নিরাপত্তার নামে বিশ্ববিদ্যলয়ে ভেতরে পুলিশ মোতয়েনকে অযৌক্তিক দাবি করে তিনি বলেন, পুলিশ মোতায়েন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন কি বুঝাতে চাচ্ছেন। শিক্ষক-শিক্ষার্থীদের ওপর পুলিশ লাঠিচার্জ করে, বন্দুক দিয়ে গুলি করে উপাচার্যের নিরাপত্তা নিশ্চিত করবেন। উপাচার্যের নিরাপত্তার জন্য যদি বিশ্ববিদ্যালয়ে ভেতরে পুলিশ মোতায়েন করা হয় তাহলে আমাদের নিরাপত্তা কে দেবে। আমরা পুলিশ প্রশাসন চাই না। লিখিত বক্তব্যে তিনি আরো বলেন, ইতোমধ্যে পুলিশ মামলার আসামি হিসেবে শিক্ষার্থীদের বাড়ি বাড়ি যাচ্ছে। তাদের পরিবারকে সামাজিকভাবে হেয় করা হচ্ছে। ভালো রিপোর্ট দেয়ার নামে উৎকোচ গ্রহণ করা হচ্ছে। এর জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের অদূরদর্শীতাকেই দায়ী করেন তিনি।

বিশ্ববিদ্যালয় শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চ তাদের দাবি আদায়ের কর্মসূচির অংশ হিসেবে গতকাল বিশ্ববিদ্যালয় উপাচার্য বরাবর একটি স্মারকলিপি প্রদান করেছে। এছাড়া আগামী ১৪ জুন সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ভবনের সামনে সমাবেশের আহ্বান জানান। একই সঙ্গে ঈদের ছুটি শেষে আগামী ২ জুলাই থেকে ৪ জুলাই গণস্বাক্ষর গ্রহণ এবং একই দিনে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন- শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চের আহ্বায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইন, অধ্যাপক শামছুল আলম সেলিম, অধ্যাপক মো. শরিফ উদ্দিন, অধ্যাপক মোহাম্মদ মাফরুহী সাত্তার, অধ্যাপক শামীমা সুলতানা, অধ্যাপক মির্জা তাসলিমা সুলতানা, সহকারী অধ্যাপক আনিছা পারভীন জলিসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থী এবং রাজনৈতিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতাকর্মীরা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.......................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর